



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-১০৩

তারিখ: ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল মতিন এর বিরুদ্ধে ভিজিডি কার্ডধারীদের মাঝে চাল বিতরণে অনিয়ম, ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের প্রতিমাসে ২০০/- (দুইশত) টাকা ব্যাংকে জমা না করে আরো অতিরিক্ত ৫০ (পঞ্চাশ) টাকা সঞ্চয় আদায়ে অনিয়ম, জেলেদের মাঝে ভিজিএফ কার্ডের চাল বিতরণে অনিয়ম, ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় শ্রমিকদের মাথাপিছু সঞ্চয়কৃত ১০০০/- (এক হাজার) টাকা উত্তোলন, চেকের পিছনে সনাক্তকারী ইউপি সদস্যগণের স্বাক্ষর জালিয়াতি, ইউপি সদস্যগণের নামে সঞ্চয় হিসেবে জমাকৃত ১০০০/- টাকা ব্যাংকের লুজ চেকের মাধ্যমে চেকের সামনে ও পিছনে ভূয়া টিপ স্বাক্ষরের মাধ্যমে টাকা উত্তোলনপূর্বক আত্মসাত, ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগসাজসে সরকারি বিধি-বিধান তোয়াফা না করে নির্ধারিত সময়ের পূর্বেই ব্যাংক থেকে টাকা উত্তোলন এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে ভিজিডি কার্ডধারীদের মাঝে চাল বিতরণে অনিয়ম, ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের প্রতিমাসে ২০০/- (দুইশত) টাকা ব্যাংকে জমা না করে আরো অতিরিক্ত ৫০ (পঞ্চাশ) টাকা সঞ্চয় আদায়ে অনিয়ম, জেলেদের মাঝে ভিজিএফ কার্ডের চাল বিতরণে অনিয়ম, ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় শ্রমিকদের মাথাপিছু সঞ্চয়কৃত ১০০০/- (এক হাজার) টাকা উত্তোলন, চেকের পিছনে সনাক্তকারী ইউপি সদস্যগণের স্বাক্ষর জালিয়াতি, ইউপি সদস্যগণের নামে সঞ্চয় হিসেবে জমাকৃত ১০০০/- টাকা ব্যাংকের লুজ চেকের মাধ্যমে চেকের সামনে ও পিছনে ভূয়া টিপ স্বাক্ষরের মাধ্যমে টাকা উত্তোলনপূর্বক আত্মসাত, ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগসাজসে সরকারি বিধি-বিধান তোয়াফা না করে নির্ধারিত সময়ের পূর্বেই ব্যাংক থেকে টাকা উত্তোলন এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল মতিন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


২০/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-১০৩


তারিখ: ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আব্দুল মতিন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), উমারপুর ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২০/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব